

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৭.১৩.০০০১.২৬-৪৬

তারিখ: ৩০ পৌষ ১৪৩২
১৪ জানুয়ারি ২০২৬

প্রাপক: উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
উপজেলা: জীবননগর, জেলা- চুয়াডাঙ্গা

বিষয়: মরহম মাহবুবউল হক, সাবেক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: জীবননগর জেলা: চুয়াডাঙ্গা-এর পরিবারিক লাম্পগ্রান্ট, অবসরভাতা ও আনুতোষিকের অর্থ মঞ্জুরী।

মরহম মাহবুবউল হক, সাবেক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: জীবননগর, জেলা: চুয়াডাঙ্গা (গত ০৯/০৮/২০২৫ তারিখে চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করায়) এর পরিবারের অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী তার নিকট কোন সরকারি পাওনা নেই।


৩। পেনশন ফরম-২.২ এর প্রতিবেদন অনুযায়ী মরহম মাহবুবউল হক, সাবেক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: জীবননগর, জেলা: চুয়াডাঙ্গা-এর প্রাপ্য পারিবারিক পেনশন ও আনুতোষিক বাবদ স্ত্রী- জনাব নুসরাত চৌধুরী এর অনুকূলে যথাক্রমে ২২,৮২৮.৮০ (বাইশ হাজার আটশত আটাশ টাকা আশি পয়সা) টাকা এবং ৫২,৫০,৬২৪/- (বায়ান্ন লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত চব্বিশ) টাকা প্রাপ্য হবেন, যা পেনশন ফরমের ৫ম পৃষ্ঠায় উল্লেখ আছে। এতে যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন রয়েছে। এছাড়াও অর্থ বিভাগের ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রি. তারিখের এস. আর. ও. নং ৩৬৯- আইন/২০১৫এর ১৫(২) অনুচ্ছেদ অনুযায়ী মাসিক চিকিৎসা ভাতা হিসেবে তাঁর পরিবার ১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকাসহ বিধি মোতাবেক উৎসব ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

৪। মরহম মাহবুবউল হক-এর পরিবার কর্তৃক পূরণকৃত পেনশন ফরম ও নিম্নোক্ত অন্যান্য কাগজপত্রাদি প্রয়োজনীয় কার্যার্থে এ সাথে প্রেরণ করা হলো।

৫। বর্ণিত কর্মকর্তার পূরণকৃত পেনশন ফরম ও নিম্নোক্ত অন্যান্য কাগজপত্রাদি কার্যার্থে এ সঙ্গে প্রেরণ করা হলো:

১. পারিবারিক পেনশন ফরম-২.২ (সংযোজনী-৫)	১ সেট
২. সত্যায়িত ছবি	১ কপি
৩. মৃত্যুর সনদ পত্র (ডাক্তার ও ইউনিয়ন পরিষদ কর্তৃক)	১ কপি
৪. শেষ বেতন সনদ (এলপিসি)	১ কপি
৫. জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন নির্ধারণী বিবরণী	১ কপি
৬. উত্তরাধিকার সনদ ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১ কপি
৭. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ	১ কপি
৮. আনুতোষিক ও অবসর ভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়ন এর প্রত্যয়ন পত্র	১ কপি
৯. ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ওয়ারিশ সনদপত্র	১ কপি
১০. না-দাবি প্রত্যয়নপত্র	১ কপি
১১. এলজিইডি'র অডিট সেলের অডিট আপত্তির হালনাগাদ তথ্য	১ কপি
১২. ব্যাংকের চেক বইয়ের কভার পেজের ফটোকপি	১ কপি
১৩. মরহম ও তাঁর স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি	১ কপি

৬। পরবর্তীকালে সরকারি কোনো পাওনার দাবী উত্থাপিত হলে PDR Act, 1913 প্রযোজ্য হবে। তাঁর পরিবারের অনুকূলে অবসর ভাতা পরিশোধ আদেশ (পি.পি.ও.) জারি করে এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আশফিকুন নাহার)
উপসচিব

ফোন- ০২২২৩৩৫৪০১৪


ইমেইল: lgdev1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৭.১৩.০০০১.২৬-৪৬ (১/১০)

তারিখ: ৩০ পৌষ ১৪৩২
১৪ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, খুলনা বিভাগ, খুলনা;
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, কুষ্টিয়া অঞ্চল, কুষ্টিয়া;
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহকারে);
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা- চুয়াডাঙ্গা;
৮. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: জীবননগর, জেলা: চুয়াডাঙ্গা;
৯. জনাব নুসরাত চৌধুরী, স্বামী: মরহুম মাহবুবউল হক, সাবেক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: জীবননগর, জেলা: চুয়াডাঙ্গা (বর্তমান ঠিকানা: রথপাড়া, ডাকঘর: ভেড়ামারা, উপজেলা: ভেড়ামারা, জেলা: কুষ্টিয়া-৭০৪০);
১০. অফিস কপি।


(আশফিকুন নাহার)
উপসচিব